www.wbcsmadeeasy.in

2018 CS-(O)B-I/18

BENGALI-Paper-I

*Time Allowed-3 Hours* *Full Marks-200*

*If the questions attempted are in excess of the Prescribed number ,only the questions attempted first up to the prescribed number shall be valued and the remaining ones ignored.*

## ক - বিভাগ

(যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন) ৫০

১) ক) প্রত্ন-বাংলা থেকে উদ্ভবের সূত্র ধরে আধুনিক বাংলা ভাষার উত্তরনের স্তরগুলি উদাহরণ সহযোগে আলোচনা করুন ।

খ) ভাষা ও উপভাষার সংজ্ঞা নির্ণয় করে এই দুইয়ের পারস্পরিক সম্পর্কটি ব্যাখ্যা করুন। প্রসঙ্গক্রমে যে কোনো একটি বাংলা উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণ সহ উল্লেখ করুন।

## খ-বিভাগ

( যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ) ৫০X২=১০০

২) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটিকে 'নাটগীত' অভিধায় ভূষিত করা হয়,এ সম্পর্কে আপনার মতামত যুক্তিসহ আলোচনা করুন ।

৩) মধ্যযুগীয় ভক্তিরসের ধারা বাংলা অনুবাদ-সাহিত্যকে কীভাবে নিয়ন্ত্রিত করেছে,সে বিষয়ে বিস্তারিত আলোচনা করুন ।

৪) ষোড়শ শতককে বাংলা সাহিত্যের স্বর্ণযুগ বলার বিশিষ্ট কারনগুলি ব্যাখ্যা করে এই কালের অন্তত দুটি সাহিত্যকীর্তির সম্যক্ বিশ্লেষণ করুন ।

৫) ''ভারতচন্দ্র ও রামপ্রসাদের সাহিত্যগুলির সূত্র ধরেই উনিশ শতকের মানবতাবাদের সূচনা'' - মন্তব্যটির যৌক্তিকতা উপযুক্ত তথ্য সহযোগে বিশ্লেষণ করুন ।

## গ - বিভাগ

(য কোনো একটি প্রশ্নের উত্তর দিন) ৫০

৬) বাংলা গীতিকবিতার আসরে 'ভোরের পাখি' কাকে বলা হয় ? তাঁকে এই অভিধায় কে ভূষিত করেছেন? এই কবির অবদান সম্পর্কে বিস্তারিত আলোচনা করুন ।

৭) ''মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসগুলিতে সাধারন মানুষের সাধারন জীবনযাত্রাই মুখ্য উপজীব্য''। তাঁর রচিত দুটি উপন্যাস সহযোগে বক্তব্যটি বিশ্লেষণ করুন ।

৮) নারীজীবনে স্বাভাবিক চাহিদার 'চাপান-উতোর'-এ সৃষ্ট সামাজিক সংঘর্ষই আশাপূর্ণাদেবীর 'ত্রয়ী' উপন্যাসের মূল ভিত্তি - বিশ্লেষণ করুন ।

---

"For guidance of WBCS Prelims , Main Exam and Interview by WBCS Gr A Officers/Toppers, WBCS Prelims and Main Mock Test (Classroom & Online), Optional Subjects, Study materials, Correspondence Course etc. Call WBCSMadeEasy™ at 9674493673 or mail us at mailus@wbcsmadeeasy.in"